দৈনিক
ইত্তেফাক

তারিখ: 12 DEC 2015
পৃষ্ঠা: ১৬ কলাম: ৫

# জাবিতে বর্ণিল প্রজাপতি মেলা

■ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

ফুলের উপর উড়ে উড়ে খেলা করছে হরেক রকম প্রজাপতি। রঙিন জাল দিয়ে ঘেরা প্রদর্শনী স্থল। বাইরে থেকে প্রজাপতির রঙ আর খেলা মুগ্ধ হয়ে দেখছে শিশু, কিশোর, তরুণ-তরুণী, বৃদ্ধ সব বয়সী মানুষ। কেউ কেউ প্রজাপতির পাখার রঙ ক্যামেরায় বন্দি করতে ব্যস্ত। গতকাল শুক্রবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আয়োজিত প্রজাপতি মেলার দৃশ্য এটি।

'উড়লে আকাশে প্রজাপতি, প্রকৃতি পায় নতুন গতি' প্রতিপাদ্য নিয়ে বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের আয়োজনে দিনব্যাপী প্রজাপতি মেলার আয়োজন করা হয়। মেলার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি অধ্যাপক আবুল হোসেন। পরে বিশ্ববিদ্যালয়ের ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা কেন্দ্রের পাশে তিন একর জায়গাজুড়ে নির্মিত বিশ্ববিদ্যালয় পর্যায়ে দেশের প্রথম প্রজাপতি পার্ক ও গবেষণাকেন্দ্র উদ্বোধন করেন অতিথিরা।

জীববৈচিত্র্য সংরক্ষণে সার্বিক অবদানের জন্য ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অব নেচার (আইইউসিএন)কে 'বাটারফ্লাই অ্যাওয়ার্ড' প্রদান করা হয়। সংস্থাটির পক্ষে এর বাংলাদেশ প্রতিনিধি ইশতিয়াক উদ্দিন আহমেদ পুরস্কার গ্রহণ করেন। এছাড়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ইব্রাহিম খলিল আল হায়দারকে 'ইয়াং বাটারফ্লাই এনথুজিয়াস্ট' পুরস্কার দেয়া হয়। ভারপ্রাপ্ত ভিসি আবুল হোসেন বলেন, এ ক্যাম্পাসকে প্রজাপতির আবাস হিসেবে গড়ে তুলেতে বিশ্ববিদ্যালয় প্রশাসন কাজ করে যাচ্ছে। জীব-বৈচিত্র্য রক্ষা করার ক্ষেত্রে প্রজাপতি বিশেষজ্ঞ অধ্যাপক মো. মনোয়ার হোসেন গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। মেলার আহ্বায়ক ও প্রাণিবিদ্যা বিভাগের সভাপতি অধ্যাপক ড. মো. মনোয়ার হোসেন বলেন, প্রজাপতি ভালো থাকলে প্রকৃতি ভালো থাকবে, আর প্রকৃতি ভালো থাকলে আমরা ভালো থাকবো।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক আবুল খায়ের, জীব বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক আবদুল জব্বার হাওলাদার, ইশতিয়াক উদ্দিন আহমেদ, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সায়েন্স অ্যান্ড ইনফরমেশন টেকনোলজির ডিন এস এম মাহবুবুল হক মজুমদার প্রমুখ। অন্যান্য আয়োজনের মধ্যে ছিল প্রজাপতি বিষয়ক ছবি আঁকা প্রতিযোগিতা (শিশু-কিশোরদের জন্য), প্রজাপতির আলোকচিত্র প্রদর্শনী, প্রজাপতিবিষয়ক আলোকচিত্র প্রতিযোগিতা, প্রজাপতির হাট দর্শন (জীবন্ত প্রজাপতি প্রদর্শন), অরিগামি প্রজাপতি, প্রজাপতির আদলে ঘুড়ি উড্ডয়ন, বারোয়ারি বিতর্ক, প্রজাপতি চেনা প্রতিযোগিতা, প্রজাপতিবিষয়ক ডকুমেন্টারি প্রদর্শনী, পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠান।